দৈনিক খবর

তারিখ ...13 SEP 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

27

## আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনঃ শিক্ষামন্ত্রীর জেনেভে যাত্রা

আগামী ১৪ই সেপ্টেম্বর হতে ১৯শে সেপ্টেম্বর ইউনেস্কোর উদ্যোগে আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনের ৪৩তম অধিবেশন জেনেভায় অনুষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বাংলাদেশ প্রতিনিধি দলের নেতা হিসেবে এ সম্মেলনে যোগদানের জন্য গতকাল শনিবার সকালে ঢাকা ত্যাগ করেছেন।

এ সম্মেলনের মূল বিষয় হচ্ছে "সাংস্কৃতিক উন্নয়নে শিক্ষার ভূমিকা।" ইউনেস্কোর সদস্যভূক্ত প্রায় ১৬০টি দেশের শিক্ষামন্ত্রীগণ এ সম্মেলনে অংশ নেবেন বলে আশা করা হচ্ছে। এছাড়া এসব দেশ থেকে শিক্ষা বিশেষজ্ঞগণও এ সম্মেলনে অংশ নেবেন এবং তারা কর্ম অধিবেশনে ৪টি গ্রুপে মিলিত হবেন।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার আগামী ১৫ই সেপ্টেম্বর এ সম্মেলনে বক্তৃতা করবেন।